সরকারের পরিকল্পনার ফলে আপনার সার্জারি প্রভাবিত হতে পারে। আপনি NHS জেনেরাল প্র্যাকটিসে যেভাবে সমর্থন দিতে পারেন তার বিবরণ জানার জন্য এই পত্রিকা পড়ুন।

NHS জেনেরাল প্র্যাকটিসের 60তম জন্মদিনে অভিনন্দন!

আপনার স্থানীয় সার্জারি আপনার সমর্থন চায় - আপনার সমর্থন জানাতে এই কার্ডে স্বাক্ষর করুন।

এই বছর NHS তাদের 60তম জন্মদিন পালন করছে। 60 বছর যাবৎ, আপনার এবং আপনার পরিবারের আপনার বাড়ির কাছে যে ব্যক্তিগত পরিচর্যা প্রয়োজন তা দিয়ে চলেছে স্থানীয় GP সার্জারি, তারা আপনার পরিচিত এবং আপনার স্বাস্থ্য সম্বন্ধে ওয়াকিবহাল।

তবে আমরা খুব চিন্তিত যে নতুন সরকারের পরিকল্পনা GP পরিষেবা দেওয়ার পদ্ধতিতে পরিবর্তনের পরিকল্পনা করছে, তার ফলে আপনার স্থানীয় সার্জারি যে উন্নতমানের ও ব্যাপক ধরণের রুগী পরিচর্যা দিচ্ছে তা বিপন্ন হবে।

আপনার সার্জারির বিপদের আশঙ্কা

আরো বাণিজ্যিক কোম্পানির উপস্থাপনা
রুগীদের পক্ষ থেকে স্থানীয় GP স্বাধীনভাবে অধিকাংশ NHS GP প্র্যাকটিস পরিচালনা করেন। তবে এখন সরকার বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলিকে GP সার্জারি পরিচালনা করায় উৎসাহবর্ধন করছে।

এইসব কোম্পানি বা প্রতিষ্ঠান প্রথমে তাদের অংশীদারদের প্রতি দায়িত্ববদ্ধ থাকবে, রুগীদের প্রতি না।

সম্ভবত এইসব বাণিজ্যিক কোম্পানিদের অল্প সময়ের জন্য চুক্তিবদ্ধ করা হবে। এর ফলে আপনারা হয়ত অনেক বেশী সংখ্যায় ডাক্তার পাবেন যারা হয়ত আপনাকে চিনবে না এবং আপনার স্বাস্থ্য সংক্রান্ত দীর্ঘকালীন প্রয়োজন সম্বন্ধে জানা থাকবে না। এটা রুগীর জন্য ভালো না।

পলিক্লিনিক
সরকার স্থানীয় সার্জারিতে অতিরিক্ত পরিষেবায় অর্থ সংস্থান করার পরিবর্তে সমস্ত ইংল্যান্ডব্যাপী প্রায় 250টি নতুন ও বিশাল স্বাস্থ্য কেন্দ্র খোলার পরিকল্পনা করছে - এগুলিকে প্রায়ই পলিক্লিনিক বলা হয়।

পলিক্লিনিকের বিকাশ ও পরিচালনা খুব খরচসাপেক্ষ এবং অনেক এলাকায় এগুলির প্রয়োজন আছে কি না তার কোনো প্রমাণ নেই।

এইসব স্বাস্থ্য কেন্দ্রে 25 জন পর্যন্ত GP থাকতে পারে এবং আমরা চিন্তিত, বর্তমানে রুগীদের পারিবারিক ডাক্তারের সঙ্গে সাধারণত যে ব্যক্তিগত সম্পর্ক গড়ে ওঠে তা হয়ত শেষ হয়ে যাবে।

এইসব পরিবর্তনের ফলে আমরা চিন্তিত, হয়ত অনেকগুলি স্থানীয় সার্জারি টিকে থাকতে পারবে না। আমাদের মনে হয় আপনাদের নিজস্ব স্থানীয় GP সার্জারির উন্নত-স্তরের পরিষেবার বিস্তারে NHS অর্থসংস্থানের আরো সদ্ব্যবহার করা যাবে।

আমরা এত চিন্তিত কেন?
আমরা চাই আপনাদের GP আপনাদের রুগী হিসাবে চিকিৎসা করুক, গ্রাহক হিসাবে নয়।

আমরা চাই সরকার ঃ

- অবাঞ্ছিত পলিক্লিনিকে অর্থের অপচয় না করে এখনকার GP সার্জারিতে আরো অর্থবিনিয়োগ করে রুগীর পরিষেবা আরো ভালো করে তুলুক
- বাণিজ্যিক কোম্পানিগুলিকে GP সার্জারি পরিচালনায় উৎসাহবর্ধন করা বন্ধ রাখুক

NHS জেনেরাল প্র্যাকটিসের 60তম জন্মদিনের কার্ডে স্বাক্ষর করে আপনার স্থানীয় সার্জারিকে সমর্থন জানান!

যেহেতু আমরা এত চিন্তিত, আমরা সমগ্র দেশব্যাপী আবেদনের জন্য স্বাক্ষর সংগ্রহ করছি, তাতে সরকারের কাছে পরিকল্পনা পরিবর্তনের অনুরোধ করা হয়েছে।

আমরা জুন মাসে NHS জেনেরাল প্র্যাকটিসের 60তম জন্মদিনের কার্ডের সঙ্গে আমাদের এই আবেদন প্রধান মন্ত্রীর কাছে পেশ করব।

আপনি যদি এসব পরিবর্তন না চান - লোকেদের বলুন!

আমরা শুধু যে প্রধান মন্ত্রীকে জানাতে চাই তা নয়।

- আপনার পরিবার ও বন্ধুবান্ধবদের বলুন এবং তাদের আবেদনে স্বাক্ষর করতে বলুন
- প্রাইমারি কেয়ার ট্রাস্ট (PCT) এ চিঠি লিখুন, তারা আপনার স্থানীয় NHS পরিষেবার ব্যবস্থাপনা করে
- আপনার সংসদ সদস্যের (MP-র) কাছে চিঠি লিখুন
- আপনার স্থানীয় কাউন্সিলের কাছে চিঠি লিখুন (তাদের স্বাস্থ্য পুনরীক্ষণ এবং পুঙ্খানুপুঙ্খ পুনর্বিচার সমিতির জন্য)
- সংবাদপত্রে চিঠি লিখে বা আপনার স্থানীয় রেডিও স্টেশনে যোগাযোগ করে তাদের জানান আপনি আপনার সার্জারির কতটা সমর্থন করছেন

আপনার চিঠি পড়া হবে, এবং আপনার মতামত প্রভেদ আনতে পারে!

আরো তথ্য

আপনি যদি এই দলের সঙ্গে যোগাযোগের বিবরণ পেতে চান রিসেপশনে খোঁজ করুন, বা না হলে আরো বিবরণের জন্য আমাদের ওয়েবসাইট www.supportyoursurgery.org.uk দেখুন।

কিংবা আপনার ডাক্তারের সঙ্গে কথা বলুন, তিনি আপনার যে কোনো প্রশ্নের সানন্দে উত্তর দেবেন।

ব্রিটিশ মেডিকাল অ্যাসোসিয়েশন এবং জেনেরাল প্র্যাকটিশনার্স ডিফেন্স ফান্ড এর সমর্থন করছে